

💵 তাওহীদ ও তার প্রমাণাদি

বিভাগ/অধ্যায়ঃ আকীদার ব্যাপারে ৫০টি প্রশ্নোত্তর রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ,কম

প্রশ্ন-৩০: যে বক্তি গাইরুল্লাহর নামে পশু জবাই করবে এ আয়াত অনুযায়ী তার হুকুম কি?

উত্তর: সে মুরতাদ কাফের, তার জবাই করা পশু খাওয়া জায়েয় নেই। কেননা তার মধ্যে দুটি প্রতিবন্ধকতা পাওয়া যাচ্ছে।

প্রথমটি হল: এটি মুরতাদের দ্বারা যবাই করা, আর কোনো মুরতাদের যবাই করা পশু উলামাদের ঐকমত্যে খাওয়া জায়েয় নেই।

দ্বিতীয়টি হল: এটি গাইরুল্লাহর নামে যবাই করার অন্তর্ভুক্ত, আর গাইরুল্লাহর নামে জবাই করা পশু আল্লাহ হারাম করেছেন।

এর দলীল আল্লাহর বাণী:

﴿ قُل لَّا أَجِدُ فِي مَآ أُوحِيَ إِلَيَّ مُحَرَّمًا عَلَىٰ طَاعِم يَطاعَمُهُ ۚ إِلَّا أَن يَكُونَ مَيآتَةً أَوا دَمًا مَّسآفُوحًا أَوا لَحامَ خِنزِيرٍ فَإِنَّهُ ۚ رِجاسٌ أَوا فِسآقًا أُهِلَّ لِغَيارِ ٱللَّهِ بِهِاا ﴾ [الانعام: ١٤٥]

অর্থাৎ: আপনি বলে দিন: ওহীর মাধ্যমে আমার নিকট যে বিধান পাঠানো হয়েছে; তাতে কোনো ভক্ষণকারীর জন্য কোনো হারাম বস্তু পাইনি যা সে ভক্ষণ করে, তবে মৃত জন্তু বা প্রবাহিত রক্ত অথবা শুকরের গোপ্ত, কেননা এটা অবশ্যই নাপাক বা শরীয়ত বিগর্হিত বস্তু; যা আল্লাহ ছাড়া অন্যের নামে উৎসর্গ করা হয়েছে তা হারাম করা হয়েছে। [সূরা আনআম ১৪৫]

Source — https://www.hadithbd.com/books/link/?id=3639

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন